

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর

\*\*\*\*\*

স-১০১ (আগরতলা ১৩।০৪)  
কমলপুর, ১৩ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন-২০২৪**

**ভোটারদের সচেতন করতে ১৭ এপ্রিল**

**কমলপুর টাউনহলে আলপনা অঙ্কন প্রতিযোগিতা**

আসন্ন লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোটারদের সচেতন করতে আগামী ১৭ এপ্রিল কমলপুর টাউনহল প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ঐদিন সকাল ৭টায় অনুষ্ঠানের সূচনা করবেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল। এ উপলক্ষে গতকাল কমলপুর মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক এল দার্লং। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে ভোটারদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য আলপনা অঙ্কন প্রতিযোগিতা, ম্যারাথন দৌড় প্রতিযোগিতা, বর্ণাঢ্য শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনাসভা, বৃক্ষরোপণের আয়োজন করা হবে। মহকুমা শাসক জানিয়েছেন উদ্বোধনী অনুষ্ঠানে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলশাসক সাজু বাহিদ এ উপস্থিত থাকবেন। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, স্বাস্থ্যকর্মী, শিক্ষক-শিক্ষিকা, ভোট কর্মী, সমাজসেবীগণ এই অনুষ্ঠানে অংশ নেবেন।

\*\*\*\*\*